



**২য় মেধায় ভর্তি ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির বিষয়
পরিবর্তনকৃত (Migration) ছাত্র-ছাত্রীদের ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি**

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে সরকারি ব্রজলাল কলেজ, খুলনায় ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীর ভর্তি পরীক্ষায় '২য় মেধায় ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের বিষয় পরিবর্তন (Migration)' এর ফলাফল জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রকাশিত হয়েছে। ওয়েব সাইটে প্রদত্ত ফলাফলের ভিত্তিতে যে সকল ছাত্র-ছাত্রীর বিষয় পরিবর্তন (Migration) হয়েছে তাদেরকে বর্ণিত তারিখে ভর্তি হতে হবে।

- ১। বিষয় পরিবর্তন অনলাইনে ভর্তি ফরম গ্রহণ: ০৬.০৫.২০২৪ থেকে ১৪.০৫.২০২৪ তারিখ পর্যন্ত।
- ২। ভর্তির তারিখ (সকল বিষয়): ০৭.০৫.২০২৪ হতে ১৬.০৫.২০২৪ পর্যন্ত।
- ৩। বিষয় পরিবর্তনের জন্য ভর্তি ফরম জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.nu.edu.bd/admissions থেকে সংগ্রহ করতে হবে।
- ৪। যে সকল ছাত্র-ছাত্রীর বিষয় পরিবর্তন (Migration) হয়েছে তারা আর কোনভাবেই পূর্বের বিষয়ে থাকতে পারবে না।
- ৫। যে সকল ছাত্র-ছাত্রীর বিষয় পরিবর্তন (Migration) হয়নি তাদের পূর্বের বিষয়ে বহাল থাকবে।
- ৬। ভর্তির সময় প্রার্থীকে অবশ্যই ভর্তি পরীক্ষার মূল প্রবেশপত্র সংগে আনতে হবে। ভর্তির সময় প্রবেশপত্রের ফটোকপি জমা দিতে হবে।
- ৭। ছাত্র-ছাত্রীকে পরিবর্তিত বিষয়ে সেমিনার ফিস পরিশোধ করে নতুন সেমিনার রশিদ গ্রহণ করতে হবে।
- ৮। ছাত্র-ছাত্রীকে এস. এস. সি ও এইচ. এস. সি. পাসের মূল নম্বর পত্রের ফটোকপি এবং সেমিনার রসিদ ফটোকপি করতে হবে। আবেদন ফরমের ১ সেট পরিবর্তিত বিভাগে এবং মূল ভর্তি ফরমের সাথে ১ সেট প্রশাসনিক ভবনে জমা দিতে হবে।
- ৯। সেমিনার ফিস : (প্রতি শিক্ষাবর্ষে) মানবিক/ ব্যবসায় শিক্ষা বিষয়ে = (সেমিনার ফি ১৬০০ + শিক্ষা সফর ২০০) ১৮০০/- (এক হাজার আটশত টাকা), বিজ্ঞান বিষয়ে = (সেমিনার ফি ২২০০ + শিক্ষা সফর ২০০) ২৪০০/- (দুই হাজার চারশত টাকা) মাত্র।
- ১০। মানবিক/ ব্যবসায় শিক্ষা শাখা হতে যে সকল ছাত্র-ছাত্রী বিষয় পরিবর্তন (Migration) করে বিজ্ঞান শাখায় ভর্তি হবে তাদেরকে অতিরিক্ত ১৫০/- টাকা (উদ্ভিদ, প্রাণি ব্যতিত), উদ্ভিদ ও প্রাণি বিষয়ের জন্য ১০০/= টাকা এবং উদ্ভিদ, প্রাণি থেকে বিজ্ঞান বিষয়ের অন্যান্য বিষয় হতে বিষয় পরিবর্তনকৃত ছাত্র-ছাত্রীদের অতিরিক্ত ৫০/- টাকা ভর্তি ফি প্রদান করতে হবে।
- ১১। মানবিক/বাণিজ্য শাখা হতে বিজ্ঞান শাখায় বিষয় পরিবর্তনকৃত ছাত্রছাত্রীদেরকে পরিবর্তিত বিভাগে সেমিনার ফি বাবদ অতিরিক্ত ৬০০/= টাকা সেমিনার রশিদের মাধ্যমে পরিশোধ করতে হবে।
- ১২। পরিবর্তিত বিষয়ে নির্ধারিত সেমিনার ফিস প্রদান করে সেমিনার রশিদ গ্রহণ করতে হবে এবং জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট হতে গৃহীত নির্ধারিত ভর্তি ফরম বিভাগীয় প্রধানের অনুমোদন পূর্বক ফটোকপি করতে হবে। ইতোপূর্বে ভর্তিকৃত বিষয়/ বিভাগ হতে পূর্বে গৃহীত সেমিনার রশিদের মূল কপি ফেরৎ দিয়ে সেমিনার ফিসের টাকা ফেরৎ নিতে/ দিতে হবে। পূর্ববর্তী বিষয়/ বিভাগ হতে সেমিনার ফিস এবং এইচএসসি পরীক্ষার মূল নম্বরফর্দ গ্রহণ করে তা পরিবর্তিত বিষয়ে জমা দিতে হবে।
- ১৩। বিষয় পরিবর্তনকৃত ছাত্র-ছাত্রীদের পরিবর্তিত বিষয়ে নতুন শ্রেণী রোল নম্বর প্রদান করতে হবে।
- ১৪। পরিবর্তিত বিষয়ে ভর্তির ফরম কলেজের প্রশাসনিক ভবনের পিছনে কাউন্টারে জমা দিতে হবে। এ জন্য ছাত্র-ছাত্রীদের কোন অতিরিক্ত ভর্তি ফিস প্রদান করতে হবে না।

বি.দ্র: বিষয় পরিবর্তনকৃত ছাত্র-ছাত্রীদের পূর্বের বিভাগে জমাকৃত অনলাইনে ভর্তি ফির রশিদ ও সেমিনার ফির রশিদের ফটোকপির উপর পরিবর্তিত বিষয়ের বিভাগের সিল ও স্বাক্ষর এবং প্রযোজ্য ক্ষেত্রে টাকার পরিমাণ (বিজ্ঞান বিষয়ে সেমিনার ফি ২৪০০/- এবং বাণিজ্য ও মানবিক বিষয়ে ১৮০০/-) উল্লেখ করতে হবে। পরিবর্তিত বিষয়ে প্রদত্ত সেমিনার ফি এর ফটোকপি বিভাগ সংরক্ষণ করবে এবং বিষয় পরিবর্তন প্রক্রিয়া শেষ হওয়ার পর বিভাগ ভিত্তিক টাকার পরিমাণ ও সেমিনার রশিদের ফটোকপিসহ চাহিদা বিভাগে প্রেরণ করে সেমিনার ফির টাকা সংগ্রহ করতে হবে। কোনো অবস্থাতেই টাকা উত্তোলন করে নগদ টাকা শিক্ষার্থীদের নিকট প্রদান করা যাবে না।

Smeeser
06/05/24
(প্রফেসর শরীফ আতিকুল্লাহমান)
অধ্যক্ষ
সরকারি ব্রজলাল কলেজ, খুলনা